# সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ১২৯৩

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৩০১. সালাতুদ্-দুহা (চাশতের সালাত) আদায় করা প্রসঙ্গে

باب صَلاَةِ الضُّحَى

আরবী

حَدَّثَنَا الْقَعْنَبِيُّ، عَنْ مَالِكٍ، عَنِ ابْنِ شِهَابٍ، عَنْ عُرْوَةَ بْنِ الزُّبَيْرِ، عَنْ عَائِشَةَ، زَوْجِ النَّبِيِّ صلي الله عليه وسلم أَنَّهَا قَالَتْ مَا سَبَّحَ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم سُبْحَةَ الضُّحَى قَطُّ، وَإِنِّي لأُسَبِّحُهَا وَإِنْ كَانَ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم لَيَدَعُ الْعَمَلَ وَهُوَ يُحِبُّ أَنْ يَعْمَلَ بِهِ خَشْيَةَ أَنْ يَعْمَلَ بِهِ النَّاسُ فَيُفْرَضَ عَلَيْهِمْ .

ـ صحيح : ق

বাংলা

১২৯৩। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর স্ত্রী ’আয়িশাহ্ (রাঃ) সূত্রে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কখনো চাশতের সালাত আদায় করেননি। তবে আমি তা আদায় করি। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কখনো কোনো কাজকে যদিও প্রিয় মনে করতেন, কিন্তু তা এ আশংকায় বর্জন করতেন যে, লোকেরা তার উপর আমল করলে হয়ত তাদের উপর তা ফারয করে দেয়া হবে।[1]

সহীহ : বুখারী ও মুসলিম।

## English

Narrated 'Aishah, wife of Prophet (ﷺ):
The Messenger of Allah (ﷺ) never offered prayer in the forenoon, but I offer it. The Messenger of Allah (ﷺ) would give up an action, though he liked it to do, lest the people should continue it and it is prescribed for them.

## ফুটনোট

[1] বুখারী (অধ্যায় : তাহাজ্জুদ, অনুঃ যারা চাশতের সালাত আদায় করেন না তবে বিষয়টি প্রশস্ত মনে করেন, হাঃ ১১৭৭), মুসলিম (অধ্যায় : মুসাফিরের সালাত ও ক্বাসর করা, অনুঃ চাশতের সালাত আদায় মুস্তাহাব)।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী  বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=58611

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন